



ICB SECURITIES TRADING COMPANY LIMITED

(A Subsidiary of ICB)

Green City Edge (7th Floor), 89, Kakrail, Dhaka-1000, Bangladesh

TEL : PABX : 8300461, 8300462, FAX : +880-2-8300466

E-mail : istclbd@gmail.com, Website : www.istcl.com.bd

হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে নির্বাহী আদেশে সরকারি ছুটি ও সাধারণ ছুটি থাকায় আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর প্রধান কার্যালয়, এক্সটেনশন অফিস, শাখা কার্যালয় ও ডিজিটাল বুথসমূহ আগামী ১৭ মার্চ ২০২৬ হতে ২৩ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। ছুটিতে গমনের পূর্বে কোম্পানির সকল পর্যায়ের কর্মচারীগণকে নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- (ক) সকল কর্মচারীগণকে তাদের ব্যবহৃত স্ব-স্ব কম্পিউটারের ডাটা ব্যাকআপ সংরক্ষণপূর্বক কর্মস্থল ত্যাগ করা;
- (খ) বৈদ্যুতিক শর্ট সার্কিটজনিত দুর্ঘটনা এড়ানোর জন্য নিজ আসন ত্যাগ করার পূর্বে সকল ধরনের বৈদ্যুতিক সামগ্রী এর সুইচ বন্ধ করা;
- (গ) বাড় ও বৃষ্টিতে ক্ষতি এড়ানোর লক্ষ্যে দরজা/জানালা যথাযথভাবে বন্ধ করা;
- (ঘ) ব্যক্তিগত ডায়ার এর তালা/লক লাগানো হয়েছে কি-না সে বিষয়ে নিশ্চিত হওয়া;
- (ঙ) যে সকল আলমিরা/লকার -এ গুরুত্বপূর্ণ/গোপনীয় ফাইলপত্র সংরক্ষিত থাকে তা যথাযথভাবে বন্ধ করা;
- (চ) পানির কল যথাযথভাবে বন্ধ করা;
- (ছ) সকল পর্যায়ের কর্মচারীগণকে তাঁদের নিজ নিজ আসনে ব্যবহৃত কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার ও ইউপিএস যথাযথভাবে বন্ধ করা;
- (জ) কোম্পানির প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়সমূহে অগ্নিজনিত দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপনের জন্য বিভাগীয়/জেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর টেলিফোন নম্বর দায়িত্বরত সিকিউরিটি গার্ডের ও সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট সংরক্ষণ নিশ্চিত করা; এবং
- (ঝ) কোম্পানির প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়সমূহে সিকিউরিটি গার্ডের দায়িত্ব অর্পণ ও অবস্থানের বিষয়ে সুনিশ্চিত হওয়া এবং সিকিউরিটি গার্ড ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ডিপার্টমেন্ট প্রধান ও শাখা প্রধান কর্তৃক সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখা।

০২। সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/ডিজিটাল বুথ/শাখা প্রধানগণকে বর্ণিত বিষয়টি নিশ্চিতকরণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(এ, কিউ, এম শফিউল আলম)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) প্রধান নির্বাহী কর্মকর্তা -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (ইন্টারন্যাশনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়ন্স ও সেক্রেটারিজ ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন ও ফাইন্যান্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (আইসিটি ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮) আইএসটিসিএল এর সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/এক্সটেনশন অফিস/ডিজিটাল বুথ/শাখাসমূহ।
- ০৯) অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ০১) ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।